



বিশ্ববিদ্যালয় পর্যায়ে আইকিউএসি একটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক প্রতিষ্ঠান যা পাঠদান, শিখন-পদ্ধতি এবং মূল্যায়ন তথা উচ্চশিক্ষার সামগ্রিক গুণগত মান বজায় রাখতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শিক্ষার গুণমান বৃদ্ধি তথা দেশি-বিদেশি সংস্থা কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু, পরিকল্পনা এবং তত্ত্বাবধান করে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে একটি আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা এই প্রতিষ্ঠানের প্রধান দায়িত্ব। ইতিমধ্যে এই প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়ে সকল বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট সম্পন্ন করে ফলাফলভিত্তিক কারিকুলাম প্রস্তুতকরণ প্রক্রিয়া চলমান রাখতে অগ্রণী ভূমিকা পালন করছে। এই প্রতিষ্ঠানটির ভবিষ্যতের ঈঙ্গিত কার্যক্রম নিম্নরূপ:

একাডেমিক প্ল্যান

স্বল্পমেয়াদি পরিকল্পনা (দুই-তিন বছর)

- সকল প্রোগ্রাম অফারিং এনটিটির সেলফ অ্যাসেসমেন্ট সম্পন্ন করা
- আউটকাম বেইজড এডুকেশনের কারিকুলাম প্রস্তুতকরণ ও মান উন্নয়ন
- শিক্ষার্থী কর্তৃক কোর্সের তথা শিক্ষকের পারফরম্যান্স মূল্যায়ন
- শিক্ষকদের OBE ও গবেষণা প্রশিক্ষণ/ওয়ার্কশপ
- মানসম্পন্ন গবেষণা উৎসাহিত করা ও প্রণোদনা দেয়া
- কর্মকর্তাদের অফিস ব্যবস্থাপনা ও চাকরী বিধি সম্পর্কিত ট্রেনিং
- অ্যাক্রিডিটেশন উৎসাহিতকরণের লক্ষ্যে সেমিনার, কর্মশালা, প্রশিক্ষণ ও সম্মেলন আয়োজন করা।

মধ্যমেয়াদী পরিকল্পনা (তিন-দশ বছর)

- শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় যোগ্যতার ফ্রেমওয়ার্ক (BNQF) বাস্তবায়নে বিভাগ/ইনস্টিটিউটগুলোকে সহযোগিতা করা
- অ্যাক্রিডিটেশনের জন্য প্রস্তুতি গ্রহণ
- উচ্চ শিক্ষার মান নিয়ন্ত্রণে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত জাতীয় মান নিয়ন্ত্রণ সংস্থা বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিল (BAC) এর স্বীকৃতি প্রাপ্তি/উচ্চ শিক্ষার মান নিয়ন্ত্রণে দেশীয় সংস্থাসমূহ কর্তৃক মূল্যায়ন ও অ্যাক্রিডিটেশন প্রাপ্তি
- দেশের অভ্যন্তরে উচ্চশিক্ষার প্রতিষ্ঠানগুলোর র্যাংকিং এ অংশগ্রহণ
- বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে তাৎপর্যপূর্ণ কোলাবরেশন



দীর্ঘমেয়াদী পরিকল্পনা (দশ বছরের বেশি সময়কাল)

- রাজশাহী বিশ্ববিদ্যালয়কে অধিক আন্তর্জাতিকীকরণ
- আঞ্চলিক ও বৈশ্বিক মান নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক প্রতিটি বিভাগ ও ইনস্টিটিউট-এর প্রোগ্রামের অ্যাসেসমেন্ট ও অ্যাক্রিডিটেশন প্রাপ্তি
- আন্তর্জাতিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়গুলোর র্যাংকিং এ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সম্মানজনক পর্যায়ে নিয়ে যাওয়া
- বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে কোলাবরেশন জোরদারকরণ
- বিশ্ববিদ্যালয়ের সকল ক্ষেত্রে অটোমেশন চালু করা

Handwritten signature